



সবুজ অর্থনীতি ও জ্বালানি স্বনির্ভরতার পথে বাংলাদেশ: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দেশ ধীরে ধীরে পরিচ্ছন্ন জ্বালানি, সবুজ অর্থনীতি এবং আত্মনির্ভরশীল জ্বালানি ব্যবস্থার দিকে এগিয়ে যাচ্ছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, ভবিষ্যতের উন্নয়ন পরিকল্পনায় পরিবেশবান্ধব প্রযুক্তির ব্যবহার এখন অপরিহার্য হয়ে উঠেছে। রোববার সকালে জাতীয় সংসদ ভবনে সৌরশক্তি ব্যবহারের একটি নতুন উদ্যোগ উদ্বোধনের পর তিনি এসব কথা বলেন। এ সময় তিনি সংসদে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের অগ্রগতি তুলে ধরেন।

প্রধানমন্ত্রী বলেন, গণতন্ত্রের প্রতীক জাতীয় সংসদে সৌরবিদ্যুৎ চালুর এই উদ্যোগ শুধু প্রতীকী নয়, বরং এটি নীতিনির্ধারণ ও বাস্তব প্রয়োগের একটি সমন্বিত উদাহরণ। এর মাধ্যমে দেশের অন্যান্য প্রতিষ্ঠানও একই পথে এগোতে উৎসাহিত হবে।

তিনি আরও উল্লেখ করেন, জলবায়ু পরিবর্তনের প্রভাবে বাংলাদেশ অন্যতম ঝুঁকিপূর্ণ দেশ হিসেবে বিবেচিত। তাই জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা কমিয়ে পরিবেশবান্ধব জ্বালানির দিকে যাওয়া এখন সময়ের দাবি।

তারেক রহমান বলেন, জ্বালানি খাতে স্বনির্ভরতা অর্জন শুধু অর্থনৈতিক বিষয় নয়, এটি জাতীয় নিরাপত্তার সঙ্গেও জড়িত। টেকসই জ্বালানি ব্যবস্থার মাধ্যমে দেশকে দীর্ঘমেয়াদে স্থিতিশীল করা সম্ভব হবে।

তিনি দেশের সব সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে সৌরবিদ্যুৎসহ নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বাড়ানোর আহ্বান জানান, যাতে একটি টেকসই ও সবুজ উন্নয়ন মডেল গড়ে তোলা যায়।